

6 more CNG buses in city

Kolkata: Kolkata is set to revamp its public transport system with the introduction of 200 govt air-conditioned CNG buses, marking a significant step towards reducing pollution and enhancing commuter comfort. The West Bengal Transport Corporation has already received the first batch of six Eicher 2090 CNG AC buses at its Kasba Depot, signaling the commencement of this ambitious project.

The state govt allocated Rs 125 crore for this initiative, which aims to modernise the city's public transport infrastructure. The new fleet will consist of 120 semi-deluxe buses, 50 deluxe buses, and 30 midi buses, each designed to cater to different commuter needs. The state cabinet has also approved the recruitment of around 900 drivers and conductors. TNN

■ দুর্ঘটনাগ্রস্ত সেই গাড়ি। রবিবার, পাঁশকুড়ায়। নিজস্ব চিত্র

সিএনজি চালিত এসি বাস পেতে শুরু করল পরিবহণ নিগম

ফিরোজ ইসলাম

দফতরের।

রাজ্য পরিবহণ নিগমের জন্য সিএনজি চালিত বাতানুকুল বাস কেনা নিয়ে দীর্ঘদিন ধরে জল্পনা চলছিল। গত অগস্টে ওই বাস কেনার জন্য প্রয়োজনীয় প্রশাসনিক অনুমতি মিলেছিল। অবশেষে সেই বাস এসে পৌঁছনো শুরু হয়েছে বলে পরিবহণ দফতর সূত্রের খবর। ইতিমধ্যেই কসবায় রাজ্য পরিবহণ দফতরের কার্যালয় সংলগ্ন ডিপোয় ৯ মিটারের তিনটি বাস এসে পৌঁছেছে। জানুয়ারি মাসের মধ্যে আরও কয়েকটি বাস চলে আসার কথা। তার মধ্যে সাড়ে ১১ মিটার লম্বা, সেমি-ডিলাক্স শ্রেণির বাস পর্যাপ্ত সংখ্যায় এসে পৌঁছলে সেগুলিকে গঙ্গাসাগর মেলায় ব্যবহার করার ভাবনা রয়েছে পরিবহণ

নতুন ওই সব বাস কেনার জন্য রাজ্য পরিবহণ দফতরের ১২১ কোটি ৩৩ লক্ষ ৮৩ হাজার ৪৭০ কোটি টাকা খরচ হচ্ছে। গুরুগ্রামের একটি নামী সংস্থার কাছ থেকে ওই সব বাস কেনা হচ্ছে বলে খবর। সিএনজি চালিত যে তিন ধরনের বাস মূলত কেনা হচ্ছে, তার মধ্যে ন'মিটার লম্বা ৩০টি বাস রয়েছে। ওই বাতানুকুল বাসগুলির প্রতিটির জন্য ৩৩ লক্ষ টাকা খরচ হবে। এর বাইরে সাড়ে ১১ মিটার লম্বা ১২০টি সেমি-ডিলাক্স শ্রেণির বাস কেনা হচ্ছে। ওই বাসগুলির প্রতিটির জন্য পরিবহণ দফতরের খরচ পড়বে ৬৪ লক্ষ ৯০ হাজার টাকা। সেই সঙ্গে কেনা হবে ৫০টি বাতানুকুল ডিলাক্স বাস। সেই বাসগুলির প্রতিটির জন্য ৬৭ লক্ষ টাকা খরচ হবে।

গিয়ে কোনও ভাবে পড়ে যান তিনি।

পরিবহণ দফতর জানাচ্ছে, নথিভুক্তিকরণ সম্পূর্ণ হলে নতুন বাসগুলিকে রাস্তায় নামানো যাবে। এর ফলে রাজ্য পরিবহণ নিগমের বিভিন্ন গুরুত্বপূর্ণ রুটে বাসের সংখ্যা আগের চেয়ে অনেকটাই বাড়বে। রক্ষণাবেক্ষণ এবং ডিজেল কেনার সমস্যায় যে সব রুটে বাস অনিয়মিত হয়ে পড়েছে, সেখানেও পরিষেবার হাল ফেরানো সম্ভব হবে বলে আশা করছেন পরিবহণ দফতরের কর্তারা। বিধানসভা নির্বাচনের আগে নতুন বাস হাতে পাওয়ার জন্য প্রশাসনিক স্তরেও চেষ্টা চালানো হচ্ছে।

এর আগে ব্যাটারি চালিত বাস কেনার চেষ্টা হলেও বিভিন্ন জটিলতায় সেই পরিকল্পনা সফল হয়নি। পাশাপাশি, রাজ্য পরিবহণ নিগমের হাতে থাকা ভলভো বাসগুলির অধিকাংশই হয় মেয়াদ-উত্তীর্ণ, অথবা রক্ষণাবেক্ষণের অভাবে অকেজো অবস্থায় পড়ে আছে। নতুন বাস এলে বাতানুকুল বাসের পরিষেবা চালু ছিল, এমন রুটগুলিতে বাসের সংখ্যা বাড়বে। সেই সঙ্গে পরিবহণ দফতরের আর্থিক স্বাস্থ্যও উন্নত হবে বলে মনে করা হচ্ছে।

পাইপের গ্যাস

কল্যাণীতে এক মাসের বেশি সময় বাড়িতে পাইপবাহিত রান্নার গ্যাসের পরিষেবা চালু হলেও, তেমন ভাবে সাড়া মেলেনি। এই অবস্থায় মানুষের সুবিধার্থে এই সংযোগ নেওয়ার সহজ কিস্তি আনল বেঙ্গল গ্যাস কোম্পানি। সংস্থা সূত্রের খবর, নতুন বছরের প্রথম দিন থেকে দু'টি প্রকল্প আনা হচ্ছে। দু'টিতেই প্রথমে সংযোগ নিতে ১৩৫৪ টাকা দিতে হবে। একটিতে বাকি সময় ধরে দিনে ১ টাকা করে দিতে হবে। অন্যটিতে পাঁচটি কিস্তিতে দিতে হবে ১০০০ টাকা করে। পাশাপাশি, নতুন বছর থেকে গ্যাসের দাম কিছুটা করে কমানো হতে পারে বলেও খবর।

নিজস্ব সংবাদদাতা